কোন বিবেচনায় পাসপোর্ট-এনআইডি চান শেখ হাসিনা: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনার পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ফেরত চাওয়ার উদ্যোগ নিয়ে প্রশ্ন তুলেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি জানতে চেয়েছেন, কোন বিবেচনায় শেখ হাসিনা এসব পরিচয়পত্র ফিরে পেতে চান।

ভারতে অবস্থানরত ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ডিসেম্বরে দেশে ফেরার ঘোষণা দিয়েছেন। এর মধ্যে আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়, দিল্লিতে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনে পাসপোর্ট ও এনআইডি ফেরত চেয়ে আবেদন করেছেন তিনি। যুক্তরাজ্যভিত্তিক আইনজীবী প্রতিষ্ঠান ম্যাট্রিক্সের মাধ্যমে এ আবেদন করা হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়।

এদিকে শেখ হাসিনার পাসপোর্ট ও এনআইডি ফেরত চাওয়ার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলে রুহুল কবির রিজভী বলেন, শেখ হাসিনা দেশে ফিরে আবারও ফ্যাসিবাদী শাসন প্রতিষ্ঠার স্বপ্ন দেখছেন। তার অভিযোগ, ক্ষমতায় ফিরে আগের মতো পুলিশ ও র‍্যাবকে ব্যবহার করে মানুষের ওপর দমন-পীড়ন চালানো এবং হারানো ক্ষমতা ও রাজত্ব পুনরুদ্ধারের কল্পনায় রয়েছেন তিনি।